

রাজনীতি

এনসিপির গাড়িবহরে হামলার ঘটনায় ১১১ জনের বিরুদ্ধে মামলা

প্রতিবেদক: নিজস্ব প্রতিবেদক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



হবিগঞ্জে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) গাড়িবহরে হামলা ও ভাঙচুর এবং নেতাকর্মীদের ওপর হামলার ঘটনায় ১১১ জনের বিরুদ্ধে মামলা করা হয়েছে। মামলায় ১১ জনের নাম উল্লেখসহ ১০০ জনকে অজ্ঞাতনামা আসামি করা হয়েছে।

হবিগঞ্জ জেলা ছাত্রশক্তির আহ্বায়ক তন্ময় তাহের বাদী হয়ে সদর মডেল থানায় মামলাটি করেছেন।

বৃহস্পতিবার সকালে সদর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. জাহিদুল হক এ তথ্য নিশ্চিত করেছেন।

এর আগে গত বুধবার রাত সাড়ে ৮টার দিকে জেলার বাহুবল উপজেলার কামাইছড়া পুলিশ ফাঁড়িতে হবিগঞ্জের পুলিশ সুপার মো. তারেক মাহমুদের কাছে লিখিত অভিযোগ দিয়েছিলেন এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলামসহ কেন্দ্রীয় নেতারা।

মামলায় জেলা ছাত্রদলের সভাপতি শাহ রাজিব আহমেদ রিংগন ছাড়াও মামলার অন্য আসামিরা হলেন বৃন্দাবন সরকারি কলেজ শাখা

ছাত্রদলের সাধারণ সম্পাদক আশরাফুজ্জামান রিয়াজ, জেলা ছাত্রদলের সহসাংগঠনিক সম্পাদক আসিফুল ইসলাম ইমন, পৌর ছাত্রদল নেতা মুজাক্কির হোসেন, ছাত্রদল নেতা এম এইচ শিমুল, বৃন্দাবন কলেজ ছাত্রদল নেতা আল সাইমন, জেলা ছাত্রদল নেতা মাহফুজ চৌধুরী, ইশতিয়াক রহমান ইসতি, শেখ সাব্বির, নাজমুল হোসেন অবি ও রশ্মি ইসলাম।

মামলার প্রতিক্রিয়ায় হবিগঞ্জ জেলা ছাত্রদলের সভাপতি শাহ রাজিব আহমেদ রিংগন বলেন, “জুলাই আন্দোলনসহ বিগত ফ্যাসিস্ট সরকারের আমলে ও অসংখ্য মামলার প্রধান আসামি হয়েছি। আর গতকালকের ঘটনায় যেখানে আমি বা আমার সংগঠন জড়িত না সেখানেই আমাকে প্রধান আসামি করা হয়েছে, যা নিন্দনীয়। আমি এর তীব্র নিন্দা ও ঘৃণা জানাই। পাশাপাশি এটাই বলতে চাই— এনসিপির নেতৃত্বদ আর শেখ হাসিনার সরকারের মধ্যে আর কোনো তফাৎ রইল না।”

হবিগঞ্জ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. জাহিদুল হক বলেন, অভিযোগের প্রেক্ষিতে মামলা এফআইআর হয়েছে। ১১জনের নাম উল্লেখসহ অজ্ঞাতনামা আরো ১০০জনকে আসামি করা হয়েছে। মামলার কপি ইতোমধ্যে আমরা আদালতে প্রেরণ করেছি।

এ বিভাগের আরও খবর



আপনারা আখতারুজ্জামানকে নয়, মুক্তিযুদ্ধের ইতিহাসে হাতকড়া পরিয়েছেন: ড. মাসুদ এমপি
বাংলাদেশ জামায়াতে ইসলামীর ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ও পটুয়াখালী-২ (বাউফল) আসনের সংসদ সদস্য ড. শফিকুল ইসলাম মাসুদ বলেছেন, বীর মুক্তি...



রাষ্ট্রের দায়িত্ব পালনে আলেম-ওলামাদের এগিয়ে আসার আহ্বান জামায়াত আমিরের
গুরু বয়ান করা নয়, রাষ্ট্রের দায়িত্ব পালনে আলেম-ওলামাদের কাজ করার আহ্বান জানিয়েছেন বিরোধী দলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান।...



মিথ্যা মামলা প্রত্যাহার করে আখতারুজ্জামানকে মুক্তি দিন: জামায়াত সেক্রেটারি
জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেছেন, বিমানবন্দরের অব্যবস্থাপনার জন্য দুজনকে বরখাস্ত করার মধ্য দিয়ে কর্তৃপক্ষই স্বীক...



বৈরাচার ও গুপ্ত এক হয়ে দেশবিরোধী ষড়যন্ত্র করছে: তারেক রহমান
বৈরাচার ও গুপ্ত আবার এক হয়ে মিলেমিশে দেশবিরোধী ষড়যন্ত্র করছে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, যারা অরাজকতা তৈরি কর...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/politics/ensipir-garibhre-hamlar-ghtnay-111-jner-biruddhe-mamla>